



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রশাসন ও সমষ্টি অনুবিভাগ
প্রশাসন-১ শাখা



অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সভার কার্যবিবরণী।
(অক্টোবর-ডিসেম্বর ২০২২ খ্রি; ত্রৈমাসিক)

সভাপতি : মো: সাইদুর রহমান
অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমষ্টি)

তারিখ ও সময় : ২৭ ডিসেম্বর ২০২২ খ্রি; সকাল ১১.০০ টা

স্থান : প্রশাসন ও সমষ্টি অনুবিভাগের সম্মেলন কক্ষ
(কক্ষ নং-১৬২০, ১৬ তলা, ভবন নং-১১)

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা নিম্নে প্রদান করা হলো :

- (১) মুন্সী আবদুল আহাদ, যুগ্মসচিব (বাজেট ও পরিকল্পনা), অর্থ বিভাগ
- (২) ড. নাহিমা আকতার, যুগ্মসচিব (প্রশাসন), অর্থ বিভাগ
- (৩) ড. মোছা: শিরিন সবনম, উপসচিব (প্রশিক্ষণ অধিশাখা), অর্থ বিভাগ
- (৪) জনাব মো: জাকির হোসেন, উপ হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি) ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক),
হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- (৫) জনাব মো: আবু বাতেন তালুকদার, সিনিয়র সিস্টেম এনালিষ্ট (এফএসএমইউ), অর্থ বিভাগ
- (৬) জনাব মো: আব্দুস সালাম শাহ, সিস্টেম এনালিষ্ট (এফএসএমইউ), অর্থ বিভাগ
- (৭) জনাব মো: মিলন হোসেন, মেইনটেন্যাঙ্ক ইঞ্জিনিয়ার (এফএসএমইউ), অর্থ বিভাগ


২। উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি বলেন, অর্থ বিভাগে প্রাপ্ত অভিযোগগুলো যথাসময়ে নিষ্পত্তি করা প্রয়োজন। অর্থ বিভাগে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে কোন কোন অভিযোগ হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের সাথে সম্পৃক্ত থাকে। সেজন্য ত্রৈমাসিক সভায় হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের প্রতিনিধি হিসেবে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তাকে রাখা হয়। সভায় উপস্থিত অন্যান্য কর্মকর্তাগণও আলোচনায় অংশগ্রহণ করেন। সভাপতির অনুমতিক্রমে মুন্সী আবদুল আহাদ, যুগ্মসচিব (বাজেট ও পরিকল্পনা) বলেন, অভিযোগ প্রতিকার সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ, অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও আপীল কর্মকর্তার তথ্যাদি হালনাগাদপূর্বক নিয়মিত ওয়েবসাইটে আপলোড করা প্রয়োজন। গৃহ নির্মাণ খণ্ড সেল ও NTR এর Stakeholder'দের অভিযোগ প্রতিকার সংক্রান্ত সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো যেতে পারে। এছাড়া উপসচিব (প্রশিক্ষণ) মোছা: শিরিন সবনম জানান যে GRS সংশ্লিষ্ট সকলের প্রশিক্ষণ ইতোমধ্যেই সম্পন্ন হয়েছে। অর্থ বিভাগে দাখিলকৃত অভিযোগসমূহের মধ্যে যেগুলো অর্থ বিভাগের সংশ্লিষ্টতা থাকে না সেগুলো সংশ্লিষ্ট দপ্তর/কার্যালয়ে প্রেরণ করা হয়ে থাকে। অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে অর্থ বিভাগ থেকে প্রতিমাসে নির্ধারিত ছকে মন্ত্রিপরিষদ বিভাগে নিয়মিতভাবে প্রতিবেদন প্রেরণ করা হয়। ২০২২-২৩ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর, ২০২২ ত্রৈমাসিকে মোট ৯০টি (হার্ডকপি-০ ও অনলাইন-৯০টি) অভিযোগ এবং অক্টোবর ২০২২ মাসে অনলাইনে ৭টি ও নভেম্বর ২০২২ মাসে ২২টি অভিযোগ পাওয়া যায়, যার সবগুলোই নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করা হয়।

(অ: প্: দ্:)

৩। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

- ৩.১। অনলাইনে প্রাপ্ত হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের সাথে সম্পর্কিত অভিযোগসমূহ অনলাইন/ওয়েবসাইটের মাধ্যমে নিষ্পত্তি করার জন্য অর্থ বিভাগের সাথে হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের লিংক আগামী ত্রৈমাসিক সভার আগেই দিতে হবে। এ বিষয়ে সিনিয়র সিস্টেম এনালিষ্ট, FSMU প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৩.২। অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপীল কর্মকর্তার হালনাগাদ তথ্যাদি প্রতি তিন মাস অন্তর ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।
- ৩.৩। হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের সাথে সম্পৃক্ত অভিযোগ পাওয়া গেলে সেগুলো FSMU থেকে উক্ত কার্যালয়ে ই-মেইলের মাধ্যমে প্রেরণ করতে হবে।
- ৩.৪। GRS Workplan নিয়মিত পরিবীক্ষণ করতে হবে।
- ৩.৫। গৃহ নির্মাণ খণ্ড সেল ও NTR এর Stakeholder দের সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মো: সাইদুর ইসলাম)


অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-০৭.০০.০০০০.০৮১.০৩.০০১.২২.৪২৩

তারিখ : ২৮/১২/২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যোষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আ: সিনিয়র সহকারী সচিব, অভিযোগ ব্যবস্থাপনা শাখা, পরিবহন পুল ভবন, ৮ম তলা)
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও টিডিএম), অর্থ বিভাগ।
- ৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়), অর্থ বিভাগ।
- ৪। যুগ্মসচিব (বাজেট ও পরিকল্পনা), অর্থ বিভাগ।
- ৫। যুগ্মসচিব (প্রশাসন), অর্থ বিভাগ।
- ৬। যুগ্মসচিব, বাজেট ও পরিকল্পনা-১, অর্থ বিভাগ।
- ৭। উপ হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি), হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ।
- ৯। সভায় উপস্থিত কর্মকর্তা....., অর্থ বিভাগ।
- ১০। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, FSMU, অর্থ বিভাগ।
(কার্যবিবরণী অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)



(ফারুক আহামেদ)

সিনিয়র সহকারী সচিব
ফোন : ০১৭১২৭৮৬৪৮১